



বিদ্যুৎ সরবরাহ সেচ কার্যক্রম-২০২২



মুজিববর্ষ-বিদ্যুৎ বিভাগের সেবা বর্ষ



বিদ্যুৎ বিভাগ

বিদ্যা, জ্ঞানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আমার কাছে ক্ষমতা মানেই হচ্ছে
জনগণের ভাগ্যের পরিবর্তন করা।

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা



মানুষের জন্য প্রশাসন, প্রশাসনের জন্য মানুষ নয়।

- প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ঘরে ঘরে বিদ্যুতায়ন, জাতির পিতার স্বপ্নপূরণ



মুজিববর্ষ-বিদ্যুৎ বিভাগের সেবা বর্ষ



বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

বৈদ্যুতিক সেচ কার্যক্রমের সার-সংক্ষেপ	০৩
ভূমিকা	০৪-০৬
আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের প্রভাব	০৭-০৮
সেচ কাজে জনপ্রিয় ওয়েট এন্ড ড্রাই (AWD) পদ্ধতির সংক্ষিপ্ত ধারণা	০৯
কৃষিতে সরকারের নির্দেশনা	১০
সরকারের নির্দেশনার আলোকে সেচ মৌসুমে বিতরণ সংস্থাসমূহের করণীয়	১০
সেচ মৌসুমে কৃষক ভাইদের করণীয়	১১
সংস্থাত্তিক ও অঞ্চলভিত্তিক সেচ পাম্পের বিস্তারিত তথ্য	১২-১৩
আসন্ন সেচ মৌসুমে (২০২২) বিদ্যুতের চাহিদা	১৪
বিদ্যুৎ উৎপাদনের বর্তমান অবস্থা	১৪
সার্বিক বিদ্যুৎ চাহিদা ও উৎপাদন পরিস্থিতি	১৫-১৬
২০২২ সালে সেচকার্যে সম্ভাব্য বিদ্যুৎ চাহিদা ও উৎপাদনের গ্রাফ চিত্র	১৭-১৯
লোড বন্টন	২০
সেচের জন্য বিদ্যুতের মান	২১
সেচ মৌসুমে লোড ম্যানেজমেন্ট	২১
সেচ পাম্প বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সংস্থাসমূহের করণীয়	২২-২৩
গ্রীড ভিত্তিক লোড রেশিও নির্ধারণ	২৪-২৯
উৎপাদন পূর্বাভাস সংরক্ষণ সিডিউল	৩০-৩৫
উৎপাদন অনুসারে অঞ্চল ভিত্তিক লোড বন্টন চার্ট (দিবা, সন্ধ্যা ও সেচ)	৩৬-৩৯
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (দিবা পিক)	৪০-৪৬
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (সন্ধ্যা পিক)	৪৭-৫৩
উৎপাদন অনুসারে গ্রীড উপকেন্দ্র ভিত্তিক লোড বন্টন চার্ট (সেচ পিক)	৫৪-৬০
সেচ মৌসুমে বিদ্যুৎ ব্যবস্থাপনা মনিটরিং কমিটিসমূহ	৬১-৭৩
যোগাযোগের মোবাইল নাম্বারসমূহ	৭৪
বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহবানকৃত বিজ্ঞপ্তি	৭৫
প্রকাশনা ও সম্পাদনা কমিটি	৭৬

বৈদ্যুতিক সেচ কার্যক্রমের সার-সংক্ষেপ

বিদ্যুৎ খাতের সামগ্রিক অগ্রগতির ফলে বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা ইতোমধ্যে ২৫,২৩৫ মেগাওয়াট অতিক্রম করেছে। কৃষি, শিল্প, রপ্তানী খাতসহ সকল ক্ষেত্রে অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখতে বিদ্যুতের বর্ধিত উৎপাদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সেচ মৌসুমে বিদ্যুতের যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও সরকার কর্তৃক লোড ম্যানেজমেন্ট বাস্তবায়নের ফলে সেচ সংযোগে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। এ সকল কার্যক্রম এবং সঠিক ব্যবস্থাপনার ফলশ্রুতিতে বিগত কয়েক বছর ধরে সেচ মৌসুমে আশানুরূপ কৃষি ফলন পাওয়া গেছে। যার ফলশ্রুতিতে ধান উৎপাদনে দেশ সর্বকালের রেকর্ড ভঙ্গ করেছে এবং বাংলাদেশ বর্তমানে চাল রপ্তানিকারক দেশে পরিণত হয়েছে। তাই আসন্ন সেচ মৌসুমেও পরিকল্পিত সেচ-লোড ব্যবস্থাপনার মাধ্যমে কৃষকদের বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ডিসেম্বর ২০২১ পর্যন্ত সারাদেশে বিদ্যমান সকল বিতরণ সংস্থার ৪,৪৭,৮৭১টি বৈদ্যুতিক সেচ সংযোগ রয়েছে; যা ২০২২ সেচ মৌসুম পর্যন্ত বৃদ্ধি পেয়ে ৪,৬৫,২৯৫টি সংযোগ হতে পারে। এর মধ্যে বাপবিবোর্ডের সেচ সংযোগ সংখ্যা ৩,৮১,৪৪৯টি; যা মোট সেচ সংযোগের ৮৫.১৭%। এছাড়া, ডিসেম্বর ২০২০ পর্যন্ত সারাদেশে বিদ্যমান সকল বিতরণ সংস্থার ৪,২৮,৭৮১টি বৈদ্যুতিক সেচ সংযোগ ছিল। উল্লেখ্য যে, দেশে মোট সেচ পাম্পের সংখ্যা ১৭,১০,৭২২টি। তন্মধ্যে বৈদ্যুতিক সেচ পাম্পের সংখ্যা ৪,৪৭,৮৭১টি ও ডিজেল সেচ পাম্পের সংখ্যা ১২,৬২,৮৫১টি (সূত্র: BADC, Minor Irrigation Survey Report 2020 & BREB Irrigation Data-2021)। একইভাবে, ডিসেম্বর ২০২১ পর্যন্ত সারাদেশে বিদ্যমান সকল বিতরণ সংস্থার ৪,৪৭,৮৭১টি বৈদ্যুতিক সেচ সংযোগের বিপরীতে বিদ্যুতের চাহিদা ২৪১১ মেগাওয়াট; যা ২০২২ সেচ মৌসুম বৃদ্ধি পেয়ে ২৪৬৫ মেগাওয়াট পর্যন্ত হতে পারে। এর মধ্যে বাপবিবোর্ডের বিদ্যুতের চাহিদা ২০২৭ মেগাওয়াট; যা মোট চাহিদার ৮২.২৩%। উল্লেখ্য, ডিসেম্বর ২০২০ পর্যন্ত সারাদেশে বিদ্যমান সকল বিতরণ সংস্থার ৪,২৮,৭৮১টি বৈদ্যুতিক সেচ সংযোগের বিপরীতে বিদ্যুতের চাহিদা ছিল ১৮৯৭ মেগাওয়াট।

ডিসেম্বর ২০২১ পর্যন্ত বিদ্যুৎ বিভাগের আওতাধীন সারাদেশে ৪,৪৭,৮৭১টি বৈদ্যুতিক সেচ সংযোগের মাধ্যমে দেশের প্রায় ২৪ লক্ষ হেক্টর কৃষি জমি সেচের আওতায় এসেছে এবং দেশে খাদ্য উৎপাদন ব্যাপক পরিমাণে বৃদ্ধির সুযোগ তৈরি হয়েছে। কৃষিখাত যান্ত্রিকীকরণ এবং সেচের ক্ষেত্রে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হওয়ায় কৃষি ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন এসেছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক দেশের এক ইঞ্চি জায়গাও পতিত না রাখার আহবানের প্রেক্ষিতে কৃষিখাতকে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সেচ নীতিমালা সহজীকরণসহ শুধু সেচ মৌসুম নয় বরং বছরব্যাপী সেচ সংযোগ প্রদানের নীতিমালা প্রণয়ন করেছে। এ নীতিমালা বাস্তবায়নের ফলে ফসল উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পূর্বে যে জমিতে ১টি মাত্র ফসল উৎপাদন হতো বর্তমানে সে একই জমিতে ২/৩টি ফসল উৎপাদিত হচ্ছে। তাছাড়া, ফসল উৎপাদনও বহুগুন বৃদ্ধি পেয়েছে। সেচ নীতিমালা সহজীকরণের ফলে কৃষকগণ কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিতে পূর্বের তুলনায় অধিকমাত্রায় আগ্রহী হয়ে উঠছেন।

পানি সম্পদের বিজ্ঞানভিত্তিক ব্যবহারের মাধ্যমে আগামী ২০২৫ সালের মধ্যে সর্বমোট ৭৪.৫০ লক্ষ হেক্টর জমিতে সেচ সম্প্রসারণ করার পরিকল্পনা নেয়া হয়েছে (WARPO-2000)। সার্ভে রিপোর্ট অনুযায়ী কমপক্ষে ৬০ লক্ষ হেক্টর জমিতে সারা বৎসর ব্যাপী সেচের আওতায় আনা গেলে প্রায় ৬ কোটি মেট্রিক টন ধান/দানা শস্য উৎপাদন সম্ভব হবে এবং বাংলাদেশ টেকসইভাবে খাদ্য উৎপাদনের দেশে পরিণত হবে। ক্রমবর্ধমান জনগোষ্ঠীর অন্ন, বস্ত্র, বাসস্থান ও পুষ্টির চাহিদা, ক্রমহ্রাসমান জমি থেকে মেটাতে উৎপাদন বৃদ্ধিই একমাত্র ভরসা। এ লক্ষ্যকে সামনে রেখে দেশের অবশিষ্ট ৭৩.৮০% সেচ পাম্পের চলমান ডিজেল ইঞ্জিন অপসারণ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা সম্ভব হলে কৃষকের সেচ ব্যয় এক-পঞ্চমাংশে নেমে আসবে এবং কৃষকের মুখে হাসি ফুটবে।

উল্লেখ্য, দেশে বিদ্যুৎ চালিত সেচ পাম্পের দক্ষতা (৭০-৮০%) ডিজেল চালিত পাম্পের দক্ষতার (৩০-৪০%) প্রায় দ্বিগুণ। এছাড়াও কৃষি উৎপাদন বৃদ্ধির স্বার্থে কৃষকদের প্রণোদনা/উৎসাহ দেয়ার জন্য বিদ্যুৎ চালিত সেচ পাম্পে ২০% রিবেট প্রদান করা হচ্ছে। সেচের সহজলভ্যতার ফলে ফসলের উৎপাদন খরচ কমেছে, খাদ্য শস্য ও নিত্য নতুন প্রযুক্তি ব্যবহারে কৃষকগণ উদ্বুদ্ধ হচ্ছেন ও এক/দুই ফসলী জমি তিন/চার ফসলী জমিতে রূপান্তর হচ্ছে। সার্বিক অর্থে সেচ পাম্পের অধিক ও দক্ষ ব্যবহারের কারণে কৃষির মোট উৎপাদনশীলতা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে, কৃষকদের উৎপাদন খরচ কমেছে; যা সামগ্রিক অর্থনীতিতে ব্যাপক অবদান রাখছে।

ভূমিকা

হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭২ সালে রচিত মহান সংবিধানের ১৬ নং অনুচ্ছেদে নগর ও গ্রামাঞ্চলের জীবনযাত্রার মানের বৈষম্য ক্রমাগতভাবে দূর করার উদ্দেশ্যে কৃষি বিপ্লবের বিকাশ, গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের ব্যবস্থা, অন্যান্য শিল্পের বিকাশ এবং শিক্ষা, যোগাযোগ ব্যবস্থা ও জনস্বাস্থ্যের উন্নয়নের মাধ্যমে গ্রামাঞ্চলের আমূল রূপান্তর সাধনের জন্য রাষ্ট্র কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণের অঙ্গীকার করা হয়েছে। রূপকল্প-২০২১ এর আলোকে বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে সকল জনগণের দোরগোড়ায় বিদ্যুৎ সুবিধা পৌঁছানোর অঙ্গীকার বাস্তবায়নের কাজ ইতোমধ্যে সফলভাবে করতে সক্ষম হয়েছে।

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের মূল প্রতিপাদ্য ছিল আমার গ্রাম-আমার শহর; আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ; তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি; তরুণ যুবসমাজকে দক্ষ জনশক্তিতে রূপান্তর ও কর্মসংস্থানের নিশ্চয়তা। ধনী-দরিদ্র ও শহর-গ্রাম পর্যায়ে বৈষম্য হ্রাসে বর্তমান সরকার দৃঢ়প্রতিজ্ঞ। বিদ্যুৎ ও জ্বালানী যে কোন দেশের সার্বিক অর্থনৈতিক উন্নয়ন অগ্রযাত্রার একটি অন্যতম প্রধান চালিকাশক্তি। এ লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশে খাদ্যোৎপাদন বৃদ্ধি এবং সবার জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিধানে বর্তমান সরকার অঙ্গীকারবদ্ধ। সেচ যন্ত্রে বিদ্যুতের ব্যবহার কৃষি অর্থনীতিতে খুলে দিচ্ছে সম্ভাবনার নতুন দুয়ার। এতদ্ব্যতীত কৃষি কাজের আওতা বৃদ্ধিতে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে-যা বেকারত্ব হ্রাসে যুগান্তকারী ভূমিকা রাখছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি বিষয়ক সংস্থা FAO এর প্রকাশিত সর্বশেষ প্রতিবেদন এবং গত ২১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে দৈনিক প্রথম আলো পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী সবজি উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে তৃতীয় ও মিঠা পানির মাছ উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বে তৃতীয়, ধান ও আলু উৎপাদনে যথাক্রমে চতুর্থ ও ষষ্ঠ অবস্থানে রয়েছে (সূত্র: FAO, WorldFish Center, DoF, EPB)। ফসলের জাত উৎপাদনে বাংলাদেশের অবস্থান প্রথম। স্বাধীনতার পর থেকে বাংলাদেশে ধানের উৎপাদন চারগুণের বেশি, গম দ্বিগুণ, সবজি পাঁচগুণ, ভূট্টা দশগুণ বৃদ্ধি পেয়েছে। এছাড়া চা উৎপাদনে নবম, আম উৎপাদনে অষ্টম এবং ফল উৎপাদনে ১০ তম অবস্থানে রয়েছে বাংলাদেশ।

বর্তমান সরকারের আমলে বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নের ফলে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পাওয়ায় দেশের বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। বিদ্যুৎ খাতের সামগ্রিক অগ্রগতির ফলে বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা ইতোমধ্যে ২৫,২৩৫ মেগাওয়াট অতিক্রম করেছে (২১ সেপ্টেম্বর, ২০২১ এর উৎপাদন তথ্য)। কৃষি, শিল্প, রপ্তানী খাতসহ সকল ক্ষেত্রে অর্থনৈতিক গতিশীলতা বজায় রাখতে বিদ্যুতের বর্ধিত উৎপাদন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

সেচ মৌসুমে বিদ্যুতের যথেষ্ট চাহিদা থাকা সত্ত্বেও সরকার কর্তৃক লোড ম্যানেজমেন্ট বাস্তবায়নের ফলে সেচ সংযোগে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। এ সকল কার্যক্রম এবং সঠিক ব্যবস্থাপনার ফলশ্রুতিতে বিগত কয়েক বছর ধরে সেচ মৌসুমে আশানুরূপ কৃষি ফলন পাওয়া গেছে। যার ফলশ্রুতিতে ধান উৎপাদনে দেশ সর্বকালের রেকর্ড ভঙ্গ করেছে এবং বাংলাদেশ বর্তমানে চাল রপ্তানিকারক দেশে পরিণত হয়েছে। তাই আসন্ন সেচ মৌসুমেও পরিকল্পিত সেচ-লোড ব্যবস্থাপনার মাধ্যমে কৃষকদের প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

নভেম্বর ২০২১ সাল পর্যন্ত সমগ্র বাংলাদেশে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা কর্তৃক সর্বমোট প্রায় ৪,৪৭,৮৭১টি সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছিল; তন্মধ্যে বাপবিবোর্ড কর্তৃক ৩,৭৭,০২৭টি সেচ পাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। ২০২২ সেচ মৌসুমে বাপবিবো কর্তৃক ইতোমধ্যে প্রায় ৪,৪২২টি সেচ সংযোগ প্রদান করা হয়েছে এবং এ সংখ্যা আরও প্রায় ১১,৯৪৬ টি বৃদ্ধি পেয়ে সর্বমোট ৩,৯৩,৩৯৫টি তে উন্নীত হবে মর্মে আশা করা যায়। এছাড়া, ২০২২ সেচ মৌসুমে সকল বিতরণ সংস্থার সম্ভাব্য মোট সেচ সংযোগের সংখ্যা হবে ৪৬৫২৯৫ টি। উল্লেখ্য, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক বর্তমান সেচ মৌসুমে মোট সেচ সংযোগের প্রায় ৮৫.১৭% সংযোগ প্রদান করে বিধায় কৃষিতে বাম্পার ফলনের ক্ষেত্রে আরইবি এর অবদান অবিস্মরণীয়। বিদ্যুৎ বিভাগের আওতায় সকল বিতরণ সংস্থার মাধ্যমে বিএডিসি, বিএমডিএ, বিআরডিবি এবং ব্যক্তিগত পর্যায়ে উত্তরবঙ্গ, উপকূলীয় অঞ্চলসহ দেশের সর্বোচ্চ কৃষিকাজে পানি ব্যবহারের জন্য স্থাপিত সেচযন্ত্রে অতি দ্রুততার সাথে বিদ্যুৎ সংযোগ দেয়া হচ্ছে। বিএডিসিসহ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহ বিদ্যুৎ সুবিধা গ্রহণ করে খাদ্য উৎপাদনের পাশাপাশি দেশের উত্তরাঞ্চলে সুপেয় পানি সরবরাহ করছে। এছাড়া দেশের সেচ ব্যবস্থাপনায় টেকসই ও পরিবেশবান্ধব বিদ্যুৎ

সরবরাহের জন্য আরইবি সৌর বিদ্যুৎ নিয়ে কাজ করছে। সেচ মৌসুমে গ্রীষ্ম বিদ্যুতের উপর অতিরিক্ত চাপ হ্রাস এবং দূষিত পদার্থের নির্গমন হ্রাস করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আর্থিক সহায়তায় ১৪টি পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় ২০০০টি পরিবেশ বান্ধব সৌর বিদ্যুৎ চালিত সেচ পাম্প স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

রাজশাহী ও রংপুর বিভাগে সেচ পাম্পের ঘনত্ব সবচেয়ে বেশি। এখানে বিদ্যুৎ চালিত সেচ পাম্পের সংখ্যা দেশের মোট বিদ্যুৎ চালিত পাম্পের প্রায় ৪৩.৮১%। দ্বিতীয় অবস্থানে রয়েছে বৃহত্তর ময়মনসিংহ যা ২৪.৭৯% এবং ১৫.১০% নিয়ে তৃতীয় অবস্থানে রয়েছে বৃহত্তর খুলনা বিভাগ। সেচ পাম্পের মধ্যে বড় অংশ হচ্ছে অগভীর নলকূপ, যা গভীর নলকূপ ও লো-লিফট পাম্পের তুলনায় যথাক্রমে আট গুন ও বিশ গুন। কিএডিসি পরিচালিত Minor Irrigation Survey Report ২০১৯-২০ এর তথ্য মতে ডিজেল চালিত মোট সেচ পাম্পের সংখ্যা ১২,৬২,৮৫১টি এবং এর আওতায় আবাদী জমির পরিমাণ ৩০,১৮,৪৩৩ হেক্টর। অপরদিকে, আরইবি কর্তৃক বিভিন্ন বিদ্যুৎ বিতরণকারী সংস্থা হতে সংগৃহীত (নভেম্বর/২০২১) তথ্যের আলোকে বিদ্যুৎ চালিত মোট সেচ পাম্পের সংখ্যা ৪,৪৭,৮৭১টি এবং এর আওতায় আবাদী জমির পরিমাণ প্রায় ২৪ লক্ষ হেক্টর। বিভাগ অনুযায়ী সারাদেশের সেচ পাম্পের বিস্তারিত তথ্য নিম্নরূপঃ

বিভাগ	বিদ্যুতায়িত পাম্প		ডিজেল চালিত পাম্প		মোট	
	সংখ্যা	এলাকা (হেক্টর)	সংখ্যা	এলাকা (হেক্টর)	সংখ্যা	এলাকা (হেক্টর)
ঢাকা	২৫৪৭১	২৯৫০২০	১৪৪৬৬৩	৩৬৭৪৮০	১৭০১৩৪	৬৬২৫০০
ময়মনসিংহ	১১০৪৪৮	৩০২৭২২	১১৯৩০৮	২৭৫৯৬৩	২২৯৭৫৬	৫৭৮৬৮৫
রাজশাহী	৮৫৬৪৬	৭৪৯৪১৭	২৪৩১৩৮	৪৭২০৩৮	৩২৮৭৮৪	১২২১৪৫৫
রংপুর	১১১৭১২	৪২৮৮৫৭	৩০৭০০৩	৬০০২৮০	৪১৮৭১৫	১০২৯১৩৭
চট্টগ্রাম	৮৭২৬	৫৯৭০০	২৩৩৩২	৮৮২৪৩	৩২০৫৮	১৪৭৯৪৩
কুমিল্লা	৩১১১২	২১২৮৫৭	৫৯৭৩১	২২৫৯০১	৯০৮৪৩	৪৩৮৭৫৮
খুলনা	৬৭৪৭৭	২১৬৫১৪	২৮০৪৯৪	৫৪৪৫৯৩	৩৪৭৯৭১	৭৬১১০৭
সিলেট	৫৯৯১	৬২২০১	৬০২৯৩	২৮৭২৭৯	৬৬২৮৪	৩৪৯৪৮০
বরিশাল	১২৮৮	২৩৮২৯	২৪৮৮৯	১৫৬৬৫৬	২৬১৭৭	১৮০৪৮৫
মোট	৪৪৭৮৭১	২৩৫১১১৭	১২৬২৮৫১	৩০১৮৪৩৩	১৭১০৭২২	৫৩৬৯৫৫০

ডিসেম্বর ২০২১ পর্যন্ত সারাদেশে বিদ্যমান ৪,৫২,২৯৩ টি বৈদ্যুতিক সেচ সংযোগের বিপরীতে শুধুমাত্র আরইবি এর আওতাধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক বর্তমানে ৩,৮১,৪৪৯টি সেচ সংযোগের মাধ্যমে দেশের প্রায় ২২ লক্ষ হেক্টর জমি সেচের আওতায় এসেছে এবং দেশে খাদ্য উৎপাদন ব্যাপক পরিমাণে বৃদ্ধির সুযোগ তৈরি হয়েছে। কৃষিক্ষেত্রে যান্ত্রিকীকরণ এবং সেচের ক্ষেত্রে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হওয়ায় কৃষি ক্ষেত্রে বৈপ্রতিক পরিবর্তন এসেছে। মাননীয় প্রধানমন্ত্রী দেশের এক ইঞ্চি জায়গাও পতিত না রাখার আহবান জানিয়েছেন। তথ্যপ্রেক্ষিতে কৃষিক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সেচ নীতিমালা সহজীকরণসহ শুধু সেচ মৌসুম নয় বরং বছরব্যাপী সেচ সংযোগ প্রদানের নীতিমালা প্রণয়ন করেছে। এ নীতিমালা বাস্তবায়নের ফলে ফসল উৎপাদন দিন দিন বৃদ্ধি পাচ্ছে। পূর্বে যে জমিতে ১টি মাত্র ফসল উৎপাদন হতো বর্তমানে সে একই জমিতে ২/৩টি ফসল উৎপাদিত হচ্ছে। সর্বোপরি, ফসল উৎপাদন বহুগুন বৃদ্ধি পেয়েছে। সেচ নীতিমালা সহজীকরণের ফলে কৃষকগণ কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিতে পূর্বের তুলনায় অধিকমাত্রায় আগ্রহী হয়ে উঠেছেন। এছাড়া সেচের ক্ষেত্রে সোলার বিদ্যুৎ ব্যবহারের জন্য আরইবির মাধ্যমে সর্বপ্রথম ৪০টি সোলার সেচ পাম্প স্থাপন করা হয়েছে। বর্তমানে আরও ২০০০টি সোলার সেচ পাম্প স্থাপনের কাজ প্রক্রিয়াধীন আছে; যা বর্তমান বিশ্বে এ ধরনের একক বৃহৎ প্রকল্প।

ধান থেকে চাল, চাল থেকে ভাত। এ ভাতই বাঙালির প্রধান খাদ্য। স্বাধীনতার পর যখন মোট জনসংখ্যা ছিল সাড়ে ৭ কোটি, তখন দেশে খাদ্যসংকট ছিল। আমদানি করে চলতে হতো। অথচ সেই বাংলাদেশ কিনা আবাদী জমির পরিমাণ অনেক কমার পরও আজ ধান উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের হিসাব মতে দেশে গত ২০১৯-২০ অর্ধবছরে ৫ কোটি ২৬ লাখ টন ধান উৎপাদন হয়েছে, যা বিশ্বে চতুর্থ সর্বোচ্চ। চীন ১৪ কোটি ৮৫ লাখ টন উৎপাদন করে প্রথম, আর ভারত ১১ কোটি ৬৪ লাখ টন উৎপাদন করে দ্বিতীয় স্থানে রয়েছে। গত ১২ ফেব্রুয়ারি-২০২১ কৃষিবিদ দিবস উপলক্ষে দেওয়া বাণীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'বর্তমান সরকারের কৃষি অনুকূল নীতি এবং প্রণোদনায় কৃষক ও কৃষিবিদদের মিলিত প্রচেষ্টা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে অবদান রাখছে। অধিক জনঘনত্বের এ দেশে জমি কমছে। তারপরও কৃষি উৎপাদনের বৃদ্ধি বিশ্বের কাছে বিশ্বায়ের ব্যাপার।'

সেচ যন্ত্রে বিদ্যুতের ব্যবহার কৃষি অর্থনীতিতে খুলে দিচ্ছে সম্ভাবনার নতুন দুয়ার। বর্তমান সরকারের আমলে বাংলাদেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সক্ষম হয়েছে। বহির্বিদেশে খাদ্য রপ্তানিও সম্ভব হয়েছে। এ সফলতার অন্যতম কারণ এক ফসলী জমিতে বছরে তিনবার চাষাবাদ করতে সক্ষম হওয়া। সেচ ব্যবস্থাপনায় বিদ্যুতের ব্যবহারই এটি বহুলাংশে নিশ্চিত করেছে। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা কর্তৃক সেচ যন্ত্রে বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার ফলে একই জমিতে একাধিক ফসল চাষাবাদ সম্ভব হয়েছে। ফসল উৎপাদনের পরিমাণও বৃদ্ধি পেয়েছে এবং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি বেকারত্ব হ্রাসে যুগান্তকারী ভূমিকা রাখছে। দেশের সেচ ব্যবস্থাপনায় টেকসই ও পরিবেশ বান্ধব বিদ্যুৎ সরবরাহের জন্য আরইবি সৌর বিদ্যুৎ নিয়ে কাজ করছে। সেচ কাজে মানসম্পন্ন ও টেকসই বিদ্যুৎ সরবরাহের এ ধারাকে অব্যাহত রেখে দেশে কৃষি বিপ্লব সংঘটনে সহায়ক ভূমিকা রাখতে বিদ্যুৎ বিভাগ বদ্ধপরিকর।

আসন্ন সেচ মৌসুমে দেশব্যাপী সেচের জন্য সুষ্ঠু ও পরিকল্পিত লোড ব্যবস্থাপনার লক্ষ্যে বিজ্ঞানস মন্ত্রণালয় এর তত্ত্বাবধানে বিদ্যুৎ বিভাগ কর্তৃক বিদ্যুৎ উৎপাদন, বিতরণ ও সঞ্চালন ইউটিলিটিসমূহের মধ্যে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সেচ মৌসুমে পরিকল্পিত লোড ব্যবস্থাপনা পরিচালনার জন্য কেন্দ্রীয় ও অঞ্চলভিত্তিক লোড ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। সঠিক ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের জন্য ইতোমধ্যে উপকেন্দ্র, বিতরণ লাইন, ট্রান্সফর্মার ইত্যাদি রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে এবং আপদকালীন সময়ের জন্য ট্রান্সফর্মারসহ প্রয়োজনীয় মালামাল মজুদের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রসমূহে তরল জ্বালানী ও গ্যাস সরবরাহ এবং কয়লা মজুদ নিশ্চিত করার জন্য জ্বালানী বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট সংস্থাসমূহ যথা বিপিসি, পেট্রোবাংলা, রেলওয়ে ও নৌ-পরিবহন কর্তৃপক্ষের সাথে সভা করে যথাযথ ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

খাদ্য নিরাপত্তার বিষয়টি সর্বাধিক গুরুত্বপূর্ণ বিবেচনায় বিগত বছরগুলোর ন্যায় আসন্ন সেচ মৌসুমে সরকার যে কোন উপায়ে সেচ কাজের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে বদ্ধপরিকর। ইনশাআল্লাহ অন্যান্য বৎসরের ন্যায় এবারেও আমরা এফেরে সাফল্য অর্জন করতে সক্ষম হবো।



সারাদেশের সেচ কার্যক্রমের খন্ডচিত্র


আর্থ-সামাজিক উন্নয়নে বিদ্যুতের প্রভাব

পটভূমিঃ সেচ পদ্ধতির সূচনা হয়েছিল প্রাচীন মিশরে। বৃটিশ-ভারতে মানব সৃষ্ট সেচ ব্যবস্থা ছিল না। ১৭৭০ সালের দুর্ভিক্ষের পর ১৯০১ সালে লর্ড কার্জন শাসনামলে সেচ ব্যবস্থা নিয়ে চিন্তা ভাবনা শুরু হয়। এরই ধারাবাহিকতায়, ১৯৬১ সালে বিএডিসি প্রতিষ্ঠা, ১৯৬৭ সালে গভীর নলকূপ স্থাপন এবং ১৯৭২ সাল থেকে অগভীর নলকূপ স্থাপনের মাধ্যমে বাংলাদেশে সেচ ব্যবস্থা চালু হয়। বর্তমানে দেশের ক্রমবর্ধমান ১৬.৯১ কোটি লোকের বার্ষিক খাদ্য চাহিদা (৩৫.৩ মিলিয়ন টন চাল) মেটাতে ন্যূনতম প্রায় ৩ কোটি ৯৫ লক্ষ মেট্রিক টন ধান উৎপাদন করা প্রয়োজন। দেশের আবাদযোগ্য জমি প্রায় ৮৫.৭৭ লক্ষ হেক্টর; যার মধ্যে ২০২০ সাল পর্যন্ত প্রায় ৭৪.৪৮ লক্ষ হেক্টর (৮৬.৮৩%) সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। সেচ প্রদানকৃত জমির মধ্যে ৪০.৯৮ লক্ষ হেক্টর (৭২.৮২%) আভার গ্রাউন্ড ওয়াটার এবং ১৫.২৯ লক্ষ হেক্টর (২৭.১৮%) জমিতে সারফেস ওয়াটার ব্যবহার করা হয়। ২০২০ সাল পর্যন্ত সারাদেশে ৩৭,০০৭ টি গভীর নলকূপ, ১৩,৯৮,৭০৬ টি অগভীর নলকূপ, ১,৯৯,৯১৪ টি এলএলপি, ৩২৪৫টি সোপার এবং ৪৩৯টি কুপ খনন পদ্ধতির সেচ যন্ত্র চলমান রয়েছে (সূত্র- BADC, MISR2020)। বর্তমানে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের আওতায় সারাদেশে ডিসেম্বর ২০২১ সাল পর্যন্ত ৪৩,৫৫৫ টি গভীর নলকূপ, ৩,২৪,৬৮৭ টি অগভীর নলকূপ এবং ১৩,২০৭ টি এলএলপি-তে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে (সূত্র: আরইবি কর্তৃক সংগৃহীত ৮০টি পবিস এর ২০২১ এর সেচ তথ্য)।

কৃষিভিত্তিক বাংলাদেশের দৈনন্দিন জীবনযাত্রা ও আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকা শক্তি হলো কৃষি। “মুজিববর্ষ পল্লী বিদ্যুতের সেবা বর্ষ” এই শ্লোগানকে সামনে রেখে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দেখানো পথে কৃষি সেটরের উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন ডিজিটাল বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত আয়ের দেশ হিসেবে গড়ে তুলতে কৃষিবান্ধব পরিবেশ নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় আরইবি কর্তৃক ইতোমধ্যে সারাদেশে শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রম প্রায় শেষ প্রান্তে রয়েছে। এরই ধারাবাহিকতায়, “কৃষক বাঁচলে বাঁচবে দেশ, তৈরি হবে স্বনির্ভর সোনার বাংলাদেশ” এই শ্লোগানকে সামনে রেখে খাদ্য নিরাপত্তা নিশ্চিত এবং ক্ষুধামুক্ত দেশ উপহার দেওয়ার জন্য আরইবি কর্তৃক ইতোমধ্যে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির মাধ্যমে বর্তমানে সারাদেশে প্রায় ৩,৮১,৪৪৯টি সেচ সংযোগ প্রদান করা হয়েছে এবং প্রতিনিয়ত গ্রাহকদের নিকট হতে নতুন নতুন সেচ সংযোগের আবেদন গ্রহণ ও সংযোগের কাজ চলমান রাখা হয়েছে।

এখন পর্যন্ত সেচ প্রক্রিয়ার আওতাভুক্ত ৭৪.৪৮ লক্ষ হেক্টর জমির মধ্যে ৫৩.৬৯ লক্ষ হেক্টর জমিতে যান্ত্রিক তথা গভীর নলকূপ, অগভীর নলকূপ, এলএলপি দ্বারা এবং ২০.৭৯ লক্ষ হেক্টর জমিতে প্রাচীন/মানবচালিত পদ্ধতির সেচ যন্ত্র ব্যবহার করা হয়। বিগত খরিপ সেচ মৌসুমে সর্বোচ্চ ১৭,১০,৭২২ টি সেচ পাম্প/যন্ত্রপাতি চলমান ছিল; যার ২৬.১৮% বিদ্যুৎ চালিত এবং ৭৩.৮২% ডিজেল চালিত (সূত্র- BADC, MISR2020 & PBS Irrigation Data-2021)।

সেচ পাম্পের উন্নয়নের গ্রাফচিত্র



সেচ কার্যক্রমের মাধ্যমে খাদ্য নিরাপত্তা ও আর্থ-সামাজিক উন্নয়ন

বিদ্যুতায়ন কার্যক্রমের জন্মলগ্ন থেকেই বৈদ্যুতিক সেচ সংযোগ প্রদান একটি অগ্রাধিকার খাত হিসাবে পরিচালিত হয়ে আসছে। বিদ্যুৎ বিভাগ প্রতিবছর ক্রমাগতভাবে ৪-৫% হারে নতুন সেচ সংযোগ বৃদ্ধি করে দেশের সামগ্রিক সেচ কার্যক্রমে অনন্য ভূমিকা রাখছে। এক সময়ের খাদ্য ঘাটতির দেশ, এখন খাদ্য উৎপাদনের দেশে রূপান্তরিত হয়েছে। আধুনিক সেচ ব্যবস্থার কারণে ধান উৎপাদন ১৯৯৯ সালের তুলনায় ৪ গুণ বৃদ্ধি পেয়ে বার্ষিক ৩.৫৩ কোটি মেট্রিক টনে উন্নীত হয়েছে। দেশে ধানের বার্ষিক চাহিদা ৩.৫১ কোটি মেট্রিক টন (সূত্র- Grain Report Number BG:1903)।

পানি সম্পদের বিজ্ঞান ভিত্তিক ব্যবহারের মাধ্যমে আগামী ২০২৫ সালের মধ্যে সর্বমোট ৭৪.৫০ লক্ষ হেক্টর জমিতে সেচ সম্প্রসারণ করার পরিকল্পনা নেয়া হয়েছে, (WARPO- 2000)। সার্ভে রিপোর্ট অনুযায়ী কমপক্ষে ৬০ লক্ষ হেক্টর জমিতে সারা বৎসর ব্যাপী সেচের আওতায় আনা গেলে প্রায় ৬ কোটি মেট্রিক টন ধান/দানা শস্য উৎপাদন সম্ভব হবে এবং বাংলাদেশ টেকসইভাবে খাদ্য উৎপাদনের দেশে পরিণত হবে। ক্রমবর্ধমান জনগোষ্ঠীর অন্ন, বস্ত্র, বাসস্থান ও পুষ্টির চাহিদা, ক্রমহ্রাসমান জমি থেকে মেটাতে উৎপাদন বৃদ্ধিই একমাত্র ভরসা। এ লক্ষ্যকে সামনে রেখে দেশের অবশিষ্ট ৭৩.৮২% সেচ পাম্পের চলমান ডিজেল ইঞ্জিন অপসারণ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা সম্ভব হলে কৃষকের সেচ ব্যয় এক-পঞ্চমাংশে নেমে আসবে। কৃষকের মুখে হাসি ফুটবে; যা ছিল জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন।


শতভাগ বিদ্যুতায়নের ফলে পল্লী এলাকায় সেচ সংযোগ নিয়ে চাষীরা প্রয়োজন মত জমিতে সেচের পানি দিয়ে বিভিন্ন ফসল উৎপাদন করে স্বাবলম্বী হচ্ছে। এক ফসলি জমি সেচের প্রভাবে দুই বা ততোধিক ফসলি জমিতে পরিণত হয়েছে এবং কৃষি পণ্য উৎপাদন ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। ফলে সেচ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে পল্লী এলাকায় দারিদ্র বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেচের ফলে কৃষির মোট উৎপাদনশীলতা বৃদ্ধি পাওয়ায় কৃষি কাজের বিভিন্ন পর্যায়ে (শস্য রোপন, নিড়ানি, মাড়াই, সংরক্ষণ) ইত্যাদি কর্মকাণ্ডে গ্রামীণ মহিলাদের অংশগ্রহণ এবং আত্মকর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পেয়েছে। ফলে নারী ক্ষমতায়নের ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়েছে। কৃষি পরিবারের আয় উল্লেখযোগ্য হারে বেড়েছে এবং জীবনধারণার মান সম্পর্কিত খাতসমূহ যথা শিক্ষা, চিকিৎসা, পোশাক, খাদ্য এবং উৎসবে ব্যয় বহন করতে সামর্থ্য অর্জন করেছে। আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের ফলে এলাকায় শিক্ষা হার বেড়েছে, রাস্তাঘাটের উন্নয়ন হয়েছে, বাবসা প্রতিষ্ঠান বেড়েছে, অর্থনৈতিক আয় বেড়েছে, বিদ্যুৎ সুবিধা বেড়েছে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ধানসহ সবজি, আখ, মাটাসহ বিভিন্ন ফল যেমনঃ কলা, পেয়ারা, আমড়া, নারিকেল, সুপারি চাষ শুরু হয়েছে। দক্ষিণাঞ্চল নদী নালা ও খাল বিল বেষ্টিত এবং পানিতে লবনাক্ততা থাকায় চাষাবাদের ক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে মিঠা পানি পাওয়া যায় না। শতভাগ বিদ্যুতায়ন এর মাধ্যমে উক্ত অঞ্চলে সেচ সংযোগ প্রদানের মাধ্যমে মিঠা পানির সংস্থান করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল বিশেষ করে বৃহত্তর যশোর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা জেলাতে ধানের পাশাপাশি সবজি, ভুট্টা ও ফুল চাষে বৈদ্যুতিক সেচ সংযোগের মাধ্যমে ব্যাপক উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। উক্ত অঞ্চলের সবজি, ভুট্টা ও ফুল দেশের সকল অঞ্চলে বাজারজাত করা হচ্ছে। বিদ্যুতায়ন সেচ কার্যক্রমের মাধ্যমে উক্ত এলাকায় বিপুল পরিমাণে উৎপাদিত ধানের বদৌলতে কুষ্টিয়ার খাজা নগরে দেশের বৃহত্তম চাল উৎপাদন ও সরবরাহকারী মোকাম গড়ে উঠেছে। এর মাধ্যমে কৃষিতে ব্যাকওয়ার্ড ও ফরোওয়ার্ড লিংকেজ তৈরী হয়েছে; যা বেকারত্ব হ্রাসে ব্যাপক ভূমিকা রাখছে। এছাড়া দেশের সকল অঞ্চলে সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষকের আর্থ-সামাজিক উন্নয়ন দৃশ্যমান হওয়ায় এবং বৈদ্যুতিক সেচ সংযোগে নানাবিধ সুবিধাদি পাওয়ায় সারাদেশের কৃষকগণ বিদ্যুতায়নের মাধ্যমে সেচ সংযোগ গ্রহণে অধিক আগ্রহী হচ্ছে। সর্বোপরি কৃষিকাজে সেচ প্রযুক্তি ব্যবহার করে সারা দেশের কৃষকের উৎপাদনশীলতা বৃদ্ধির পাশাপাশি জীবনযাত্রার মান বৃদ্ধি পেয়েছে, দারিদ্র হ্রাস পেয়েছে, কৃষকের ক্রয় ক্ষমতা বেড়েছে, বেকারত্ব হ্রাস পেয়েছে, যা কৃষকের আর্থ-সামাজিক উন্নতিতে ভূমিকা রাখছে। সেচ প্রযুক্তি ব্যবহার করে অধিক ফলনের মাধ্যমে কৃষকগণ আর্থিকভাবে উপকৃত হওয়ায় সামাজিক অবস্থানের উত্তরোত্তর উন্নতি ঘটছে। এক কথায় বলা যায় কৃষকের আর্থ-সামাজিক উন্নতির ক্ষেত্রে বিদ্যুতায়ন সেচ কার্যক্রম অগ্রণী ভূমিকা পালন করছে।

আরইবি কর্তৃক ইতোমধ্যে ৩,৮১,৪৪৯টি সেচ পাম্প বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে দেশকে খাদ্য উৎপাদনে স্বয়ং সম্পূর্ণতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করছে। উল্লেখ্য, দেশে বিদ্যুৎ চালিত সেচ পাম্পের দক্ষতা (৭০-৮০%) ডিজেল চালিত পাম্পের দক্ষতার (৩০-৪০%) প্রায় দ্বিগুণ। এছাড়াও কৃষি উৎপাদন বৃদ্ধির স্বার্থে কৃষকদের প্রণোদনা/উৎসাহ দেয়ার জন্য বিদ্যুৎ চালিত সেচ পাম্পে ২০% রিবেট প্রদান করা হচ্ছে। সেচের সহজলভ্যতার ফলে ফসলের উৎপাদন খরচ কমেছে, খাদ্য শস্য ও নিত্য নতুন প্রযুক্তি ব্যবহারে কৃষকগণ উদ্বুদ্ধ হচ্ছেন ও এক/দুই ফসলী জমি তিন/চার ফসলী জমিতে রূপান্তর হচ্ছে। সার্বিক অর্থে সেচ পাম্পের অধিক ও দক্ষ ব্যবহারের কারণে কৃষির মোট উৎপাদনশীলতা ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে, কৃষকদের উৎপাদন খরচ কমেছে; যা সামষ্টিক অর্থনীতিতে ব্যাপক অবদান রাখছে।

সেচ কাজে ব্যবহৃত জনপ্রিয় ওয়েট এন্ড ড্রাই পদ্ধতির (AWD) সংক্ষিপ্ত ধারণা

- এডব্লিউডি (AWD) হল ধান ক্ষেতে সেচ দেয়ার উপযুক্ত সময় নির্ধারণ পদ্ধতি। মাটিতে পর্যাপ্ত রস/পানি থাকলে ধান গাছ শিকড়ের মাধ্যমে তার প্রয়োজনীয় পানি গ্রহণ করতে পারে। ধান ক্ষেতে একটি ছিদ্রযুক্ত প্রাস্টিক বা বাঁশের পাইপ বসিয়ে মাটির নিচে গাছের শিকড়ের এলাকায় (Root Zone Depth) পানি পর্যবেক্ষণ করে সেচ দেওয়াই হলো এই পদ্ধতির বৈশিষ্ট্য।
- সূ-গর্ভস্থ পানি উত্তোলনের কারণে পানির স্তর দিন দিন নেমে যাচ্ছে। তাই এ পদ্ধতির মাধ্যমে ধান চাষে পর্যায়ক্রমে জমি শুকানো ও ভিজা রেখে পরিমিত সেচ প্রদানের মাধ্যমে মূল্যবান সেচের পানি ও জ্বালানী (বিদ্যুৎ/ডিজেল) সাশ্রয় করা এবং সেচ খরচ কমানো সম্ভব।
- ধানের চারা রোপনের ১০/১৫ দিন পর্যন্ত জমিতে ২-৪ সেঃমিঃ দাড়ানো পানি রাখতে হবে। তারপর থেকে এডব্লিউডি (AWD) পদ্ধতিটি কার্যকর হবে। এভাবে প্রথম দিকে জমিতে দাড়ানো পানি রাখলে ধান ক্ষেতে আগাছা কম হবে। এডব্লিউডি (AWD) পদ্ধতিতে সেচ প্রদান করলে ধান ক্ষেতে কখনও কখনও আগাছার উপদ্রব বেশি হতে পারে বিধায় আগাছা দমনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- সেচ সাশ্রয়ী এডব্লিউডি (AWD) পদ্ধতি চালুর পর, প্রতিবার সেচের সময় এমন পরিমাণ পানি দিতে হবে যাতে জমিতে ৫ সেঃমিঃ গভীরতায় পানি থাকে। অতঃপর পানি কমতে কমতে পানির স্তর যখন পর্যবেক্ষণ পাইপের ভিতর ২০ সেঃ মিঃ নীচে নেমে যাবে অর্থাৎ পাইপের তলার মাটি দেখা যাবে, তখন আবার সেচ দিতে হবে। এ অবস্থায় আসতে মাটি ভেদে ৫-৮ দিন সময় লাগবে। এভাবে ফুল আসা পর্যন্ত সেচ দিয়ে যেতে হবে। ফুল আসার পর ২ সপ্তাহ পর্যন্ত জমিতে সব সময় ২-৪ সে.মি. পানি রাখতে হবে। এ সময় যেন কোন অবস্থাতেই পানির ঘাটতি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অতঃপর ধান কাটার ২ সপ্তাহ পূর্বে সেচ বন্ধ করতে হবে।
- সেচ খরচ কমাতে না পারলে ধান চাষ লাভজনক হবে না। এজন্য ধানের জমিতে এডব্লিউডি (AWD) পদ্ধতি ব্যবহার করে সঠিক সময়ে সঠিক মাত্রায় সেচ প্রদান করলে মূল্যবান পানি, বিদ্যুৎ ও জ্বালানীর সাশ্রয় হবে। ফলে ধানের উৎপাদন খরচ কম হবে এবং ফসলের উৎপাদন বৃদ্ধিসহ পরিবেশ রক্ষা পাবে। তাই উক্ত পদ্ধতি অনুসরণের মাধ্যমে ধানের জমিতে সেচ প্রদানের জন্য সকল কৃষক ভাইদের উদ্বুদ্ধকরণের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হলো।



কৃষিতে সরকারের নির্দেশনা

- চলমান করোনা ভাইরাস (Covid-19) জনিত পরিস্থিতিতে কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ৩১ দফা নির্দেশনা বাস্তবায়নের জন্য চলতি মৌসুমে সকল সেচ যন্ত্রে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।
- খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা “খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখা, অধিক ফসল উৎপাদন, খাদ্য নিরাপত্তার জন্য যা যা করা দরকার তা করতে হবে। কোন জমি যেন পতিত না থাকে”।
- ধান উৎপাদনের পাশাপাশি পিয়াজ, রসুন, ডাল, তেলজাতীয় শস্য, হলুদ, আদা, শাক-সবজি, মৌসুমী ফুল-ফলসহ সকল ধরণের কৃষিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি করতে হবে।

সরকারি নির্দেশনার আলোকে সেচ মৌসুমে বিতরণ সংস্থাসমূহের (Utilities) করণীয়

- বিগত সেচ মৌসুমের অভিজ্ঞতার আলোকে বর্তমান সেচ মৌসুমের চাহিদা নিরূপনপূর্বক সকল বিতরণ সংস্থা-কে (Utilities) পর্যাপ্ত মালামালের (বিতরণ ট্রান্সফর্মার, সার্ভিস ড্রপ তার, মিটার ও আনুষঙ্গিক মালামাল) মজুদ নিশ্চিত করতে হবে।
- কারিগরী সক্ষমতার ভিত্তিতে বাস্তব ভিত্তিক লোড ম্যানেজমেন্ট এর মাধ্যমে সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।
- অগ্রাধিকার ভিত্তিতে সেচ সংযোগ প্রদানের লক্ষ্যে ওভারলোডেড লাইন/উপকেন্দ্রসমূহের আপগ্রেডেশন ও ট্রান্সফর্মার মেরামত, লোড বিভাজন, ফিডার বিভাজন, ১১ কেভি লাইনে পাওয়ার ফ্যাক্টর উন্নয়নে ক্যাপাসিটর স্থাপন ও ভোল্টেজ উন্নয়নে লাইন রেগুলেটর স্থাপন ইত্যাদি কার্যক্রম সেচ মৌসুম শুরু পূর্বেই করতে হবে।
- বিতরণ সংস্থার প্রতিটি অফিসে সেচ নিয়ন্ত্রণ কক্ষ/ডেক চালু করতে হবে এবং কমপক্ষে একজন কর্মকর্তা দ্বারা বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং নিশ্চিত করতে হবে। একাঙ্গে ব্যবহৃত হট লাইন নম্বরটি ব্যাপক প্রচার প্রচারণার (লিফলেট, পোস্টার, ডিস লাইন, স্থানীয় পত্রিকার বিজ্ঞপ্তি) মাধ্যমে গ্রাহকদের অবহিত করতে হবে।
- সকল বিতরণ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অফিস ভিত্তিক সেচ মনিটরিং কমিটি গঠন করতে হবে এবং কমিটির কার্যপরিধি সুনির্দিষ্ট করতে হবে।
- কৃষকদের সমস্যাাবলী চিহ্নিত করার লক্ষ্যে সময়ে সময়ে মাঠ পর্যায়ে পরিদর্শন করতে হবে। লো-ভোল্টেজ বা অন্যান্য কারিগরি কারণে কোনক্রমেই যাতে কৃষকের ফসলের জমি সেচের অভাবে ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে সর্বোচ্চ সজাগ দৃষ্টি রাখতে হবে।
- বিতরণ ট্রান্সফর্মার, সার্ভিস ড্রপ তার, মিটার ও আনুষঙ্গিক মালামাল নষ্ট হলে বা চুরি হলে তা দ্রুত প্রতিস্থাপন করতে হবে। এক্ষেত্রে শৈথল্য, গাফিলতি বা অবহেলা করা যাবে না।
- বৈশ্বিক মহামারী (COVID-19) এবং বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় খাদ্য নিরাপত্তা বলয় সুসংহত করার লক্ষ্যে বিতরণ সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের গ্রাহকবান্ধব হয়ে কাজ করতে হবে।

সেচ মৌসুমে কৃষক ভাইদের করণীয়

- ❖ সেচ পাম্পগুলো পিক আওয়ারে পরিচালনা না করা।
- ❖ অফ-পিক আওয়ারে রাত ১১:০০ টা থেকে পরদিন সকাল (মাঠের বাস্তব প্রয়োজনীয়তা বিবেচনায়) ৮:০০ টা পর্যন্ত সেচ পাম্প চালু রাখা।
- ❖ এলাকা ভিত্তিক সেচ মনিটরিং কমিটি কর্তৃক প্রদত্ত আবর্তন (রোটেশন) পদ্ধতি মেনে চলা।
- ❖ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর নির্দেশনা অনুযায়ী সেচ যন্ত্রের পাওয়ার ফ্যাক্টর ০.৯৫ থেকে ১.০ নিশ্চিতকরণের জন্য যথাযথ মানের ক্যাপাসিটর ও অটো পিএফআই স্থাপন।
- ❖ এক সঙ্গে সকল সেচ যন্ত্র চালু না করে প্রয়োজনে দুই শিফটে চালু করা।
- ❖ কৃষি বিভাগের নির্দেশনা অনুযায়ী জমিতে আদর্শমানের চাষ পদ্ধতি (ওয়েট এন্ড ড্রাই মেথড) মেনে চলা।
- ❖ প্রয়োজনের অতিরিক্ত সেচ জমিতে না দেয়া।

সেচ মৌসুমে বিদ্যুৎ সংক্রান্ত অভিযোগ/তথ্যের জন্য যোগাযোগের টেলিফোন নম্বর

বিদ্যুৎ বিভাগ	ঃ ০২-৪৭১২০৩০৯, ০১৭৩৯-০০০২৯৩
আরইবি	ঃ ০২-৮৯০০৫৭৫, ০১৭৯২-৬২৩৪৬৭
বিউবো	ঃ ০১৭০৮-১৪৯৫০২
ওজোপাডিকো	ঃ ১৬১১৭
নেসকো	ঃ ১৬৬০৩
ডিপিডিসি	ঃ ১৬১১৬
ভেসকো	ঃ ১৬১২০



গ্রাহক সেবায় পঞ্জী বিদ্যুতের উঠান বৈঠক

সংস্থাভিত্তিক ও অঞ্চলভিত্তিক সেচ পাম্পের বিস্তারিত তথ্য

চলতি মৌসুমে সন্ধ্যা সেচ পাম্পের অনুপাত নিম্নরূপঃ

অগভীর নলকূপঃ গভীর নলকূপ = ৮:১

অগভীর নলকূপঃ লো-লিফট পাম্প = ২০: ১

বিদ্যুৎ সরঞ্জামান ও বিতরণ এর বিদ্যমান নেটওয়ার্কের মাধ্যমে লোভ বন্টন এবং ব্যবস্থাপনার সুবিধার্থে সমগ্র দেশকে ৯ (নয়) টি অঞ্চলে ভাগ করা হয়েছে। ঢাকা, ময়মনসিংহ (বৃহত্তর ময়মনসিংহ ও টাঙ্গাইল জেলা), সিলেট, কুমিল্লা (বৃহত্তর নোয়াখালী জেলাসহ), চট্টগ্রাম, খুলনা (খুলনা বিভাগ ও বৃহত্তর ফরিদপুর জেলা), বরিশাল, রাজশাহী (বৃহত্তর রাজশাহী, পাবনা ও বগুড়া জেলা) এবং রংপুর (বৃহত্তর রংপুর ও দিনাজপুর জেলা) নিয়ে মোট নয়টি অঞ্চলকে ভাগ করা হয়েছে। সংস্থা ভিত্তিক উক্ত অঞ্চলসমূহের সেচ সংযোগের বিস্তারিত তথ্য নিম্নের ছকের মাধ্যমে উপস্থাপন করা হলো :


সংস্থা ভিত্তিক সেচ পাম্পের প্রবৃদ্ধির তথ্য

সেচ মৌসুম	বিউবো	আরইবি	ডিপিডিসি	ডেসকো	ওজোপাডিকো	নেসকো	মোট	গত বছরের তুলনায় বৃদ্ধি
২০২১	৩৫৬৩৯	৩৭৭০২৭	২৪	২১	৮৬৯৯	২৬৪৬১	৪৪৭৮৭১	
২০২২	৩৬১৮৭	৩৯৩৩৯৫	২৪	২১	৯০০৬	২৬৬৬২	৪৬৫২৯৫	৪.৬২%

বিদ্যুৎ বিতরণ সংস্থা সমূহের পাম্পের তালিকা

অঞ্চল	২০২১ মৌসুমে পাম্প সংখ্যা	২০২২ মৌসুমে সন্ধ্যা পাম্প সংখ্যা							%	গত বছরের তুলনায় হ্রাস/ বৃদ্ধি %	
		আরইবি	পিভিবি	নেসকো	ওজোপা ডিকো	ডিপিডিসি	ডেসকো	মোট			
ঢাকা	২৫৪৭১	২৬০৭২					২৪	২১	২৬১১৭	৫.৬১%	২.৫৪%
ময়মনসিংহ	১১০৪৪৮	৮৩৬০৪	৩১৭৪৭						১১৫৩৫১	২৪.৭৯%	৪.৪৪%
সিলেট	৫৯৯১	৬২৫৬	২০৩						৬৪৫৯	১.৩৯%	৭.৮১%
কুমিল্লা	৩১১১২	২৯৫৩৬	৩০৩২						৩২৫৬৮	৭.০০%	৪.৬৮%
চট্টগ্রাম	৮৭২৬	৮০১৪	১২০৫						৯২১৯	১.৯৮%	৫.৬৫%
খুলনা	৬৭৪৭৭	৬১৩০১			৮৯৪৫				৭০২৪৬	১৫.১০%	৪.১০%
বরিশাল	১২৮৮	১৩৭৩				৬১			১৪৩৪	০.৩১%	১১.৩৪%
রাজশাহী	৮৫৬৪৬	৮১৯৫৬		৬১৩৬					৮৮০৯২	১৮.৯৩%	২.৮৬%
রংপুর	১১১৭১২	৯৫২৮৩		২০৫২৬					১১৫৮০৯	২৪.৮৯%	৩.৬৭%
মোট	৪৪৭৮৭১	৩৯৩৩৯৫	৩৬১৮৭	২৬৬৬২	৯০০৬	২৪	২১	৪৬৫২৯৫	১০০.০০%		

লেখচিত্রে অঞ্চল ভিত্তিক সেচ পাম্প



পাম্পের ক্ষমতা

সেচ পাম্পের বৈদ্যুতিক মোটরের রেটিং এর ভিত্তিতে প্রতিটি গভীর নলকূপ, অগভীর নলকূপ এবং লো-লিফট পাম্পের ক্ষমতা :

পাম্পের ধরন	সকল ক্ষেত্রে	ব্যতিক্রম (বিউবো, রাজশাহী)
গভীর নলকূপ	২০ কিলোওয়াট	২৭.৫ কিলোওয়াট
অগভীর নলকূপ	৩ কিলোওয়াট	৮.০ কিলোওয়াট
লো-লিফট পাম্প	১২ কিলোওয়াট	


দেশের বিদ্যুৎ চালিত মোট সেচ পাম্পের ৮৪.২০ ভাগের উপর আরইবি'র এলাকায় অবস্থিত বিগত বছরগুলোতে যথাযথভাবে লোড ব্যবস্থাপনার ফলে সার্বিক চাহিদায় ১.৬ থেকে ১.৭ ডাইভারসিটি ফ্যাক্টর পাওয়া গেছে। অন্যান্য সংস্থার ক্ষেত্রে সেচ পাম্পের সংখ্যা ও অবস্থান বিক্ষিপ্তভাবে থাকায় ডাইভারসিটি নির্ণয়ের ক্ষেত্রে তার কোন প্রভাব পড়ে না।

২০২২ মৌসুমে স্থাপিতব্য সেচ পাম্পের বিদ্যুৎ চাহিদা

অঞ্চল	আরইবি	পিভিবি	নেসকো	ওজোপাডিকো	ডিপিভিসি	ডেসকো	মোট	%
ঢাকা	১৪৯.০৭	-	-	-	০.৪৪	০.১৫৯	১৪৯.৬৭	৬.০৭
ময়মনসিংহ	৩৪৫.৯৮	১৭৪.৮০	-	-	-	-	৫২০.৭৮	২১.১৩
সিলেট	৪০.০৭	১.২১	-	-	-	-	৪১.২৯	১.৬৮
কুমিল্লা	১৪৮.৭৪	১৬.৯৫	-	-	-	-	১৬৫.৭০	৬.৭২
চট্টগ্রাম	২০.৯২	৬.৩০	-	-	-	-	২৭.২২	১.১০
খুলনা	২৬৮.৮৪	-	-	৬৪.৮৩	-	-	৩৩৩.৬৭	১৩.৫৪
বরিশাল	১১.৩৬	-	-	১.৩৮	-	-	১২.৭৫	০.৫২
রাজশাহী	৪৯৯.০৮	-	৬২.৭৩	-	-	-	৫৬১.৮২	২২.৭৯
রংপুর	৫৫৩.৪৭	-	৯৮.৬২	-	-	-	৬৫২.০৯	২৬.৪৫
সকল অঞ্চল	২০২৭.৩৫	১৯৯.২৭	১৬১.৩৫	৬৬.২১	০.৪৪	০.১৫৯	২৪৬৪.৯৯	১০০

আসন্ন সেচ মৌসুমে (২০২২) বিদ্যুতের চাহিদা

২০২২ সেচ মৌসুমে সেচ পাম্পের সংস্থাওয়ারী বিদ্যুৎ চাহিদা মোট ২৪৬৪.৯৯ (মেঃ ওঃ)



বিদ্যুৎ উৎপাদনের বর্তমান অবস্থা

বর্তমানে স্থাপিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের মোট সক্ষমতা ২৫,০০০ মেগাওয়াট। ২০২১ সালে বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ২৪,০০০ মেঃওঃ এর বিপরীতে উৎপাদনের পরিমাণ ২৫,২৩৫ মেঃওঃ (তারিখ: ১২ সেপ্টেম্বর ২০২১)। সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধির সঙ্গে পর্যাপ্ত গ্যাস না পেলে বিদ্যুতের চাহিদা যোগান দেয়া কঠিন হয়ে পড়ে। তবে সেচ মৌসুমে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি পেলেও পর্যাপ্ত উৎপাদন ক্ষমতা থাকায় চাহিদা অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে।

চাহিদা ও উৎপাদনের পরিমাণ

বর্তমান ব্যবস্থার ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের ৩৩ কেভি বাস-বার থেকে বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলো ৩৩ কেভি ফিডারের মাধ্যমে বিদ্যুৎ গ্রহণ করে। সেগুলোর সর্বোচ্চ চাহিদা যুগপৎ সংগঠিত হয় না। ফলে মোট চাহিদা এসব ফিডারের গাণিতিক যোগফলের সমান নয় বরং কিছুটা কম।



৩৩ কেভি ফিডার প্রান্তে সকল ফিডারের সর্বোচ্চ চাহিদার যোগফল	= ১৬,১২৫ মেগাওয়াট
গ্রীড উপকেন্দ্র প্রান্তে চাহিদা ১৬১২৫/১.১৭ (ডাইভারসিটি)	= ১৩,৭৮২ মেগাওয়াট
৩.০ % সঞ্চালন লস ধরে নিট উৎপাদন = গ্রীড উপকেন্দ্রে চাহিদা / ০.৯৭	= ১৪,২০৮ মেগাওয়াট
৪% (স্টেশন ব্যবহার+স্টেপ-আপ) ধরে গ্রস উৎপাদন প্রয়োজন = নিট উৎপাদন/০.৯৬	= ১৪,৮০০ মেগাওয়াট

বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর চাহিদার ভিত্তিতে উৎপাদনের পরিমাণ নির্ণয় করতে হলে ডাইভারসিটি ফ্যাক্টর, সঞ্চালন লস এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিজস্ব ও অগ্নিলিয়ারি ব্যবহার বিবেচনায় আনতে হয়। উপরের চিত্রে এর উদাহরণ দেখানো হয়েছে। ৩৩ কেভি ফিডারের উৎসে বিদ্যুৎ সংস্থাগুলোর সর্বোচ্চ মোট চাহিদার যোগফল ১৬,১২৫ মেগাওয়াট হলে উপরিউক্ত ডাইভারসিটি অনুসারে গ্রীড উপকেন্দ্র প্রান্তে ১৩,৭৮২ মেগাওয়াট সরবরাহ হতে হবে। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সরবরাহ পর্যায়ে হতে সঞ্চালন হয়ে বিতরণ পর্যন্ত ৩% সঞ্চালন লস ধরা হয়েছে। এক্ষেত্রে ১৩২/২৩০ কেভি ট্রান্সমিশন লাইনের উৎস প্রান্তে লোডের চাহিদা ১৪,২০৮ মেগাওয়াট। স্টেশন ব্যবহার এবং স্টেপআপ লস ৪% বিবেচনায় জেনারেটর টার্মিনালে গ্রস উৎপাদন ১৪,৮০০ মেগাওয়াট নিশ্চিত করতে হবে।

সার্বিক বিদ্যুৎ চাহিদা ও উৎপাদন পরিস্থিতি

সেচ মৌসুমের সংশ্লিষ্ট মাসগুলোতে চলতি বছরের অনুমিত লোডের সাথে বিদ্যুৎ বিতরণ সংস্থা প্রান্তে গত বৎসরের রেকর্ডকৃত বিদ্যুৎ চাহিদার তুলনামূলক বিবরণ নিম্নবর্ণিত টেবিলে প্রদর্শিত হয়েছে। এখানে গ্রবৃদ্ধির হার ৭% ধরা হয়েছে; যা চাহিদা পূর্বাভাসের সাথে সঙ্গতিপূর্ণ।



পায়রা বিদ্যুৎ কেন্দ্রের গ্রীড উপকেন্দ্র

সার্বিক বিদ্যুৎ চাহিদা

বিগত এবং চলমান সেচ মৌসুমে বিতরণ অঞ্চলে মোট তুলনামূলক বিদ্যুৎ চাহিদা (মেগাওয়াট)

অঞ্চল	জানুয়ারি		ফেব্রুয়ারি		মার্চ		এপ্রিল	
	২০২১	২০২২	২০২১	২০২২	২০২১	২০২২	২০২১	২০২২
ঢাকা	৩৮০৮	৪০৭৫	৪৯৫৪	৫৩০১	৫৩৮১	৫৭৫৮	৫৯০৩	৬৩১৬
চট্টগ্রাম	১১০৫.৩	১১৮৩	১৩৩১	১৪২৪	১৪৩৫	১৫৩৫	১৪৫৬	১৫৫৮
ময়মনসিংহ	৫৮৯.৫৭	৬৩১	৬৬৪	৭১১	৭২৯.৭	৭৮০.৮	৭২২	৭৭৩
সিলেট	৪২১.৫৮	৪৫১	৪৯৪	৫২৯	৫৩৫	৫৭২.৫	৫৭৪	৬১৪
কুমিল্লা	৯৮৭.৬১	১০৫৭	১১৮০	১২৬৩	১৩৪২	১৪৩৬	১৩২৭	১৪২০
খুলনা	১৩২২.৫	১৪১৫	১৬০৬	১৭১৮	১৬৬০	১৭৭৬	১৭৬০	১৮৮৩
বরিশাল	২০৪.৩৭	২১৯	২৪৯	২৬৭	২৭২.৯	২৯১.৯	২৯৩	৩১৪
রাজশাহী	১২২৯.৪	১৩১৫	১৪৫৬	১৫৫৮	১৬৪০	১৭৫৫	১৭৫৪	১৮৭৬
রংপুর	৮৪২.০৯	৯০১	১০৬৩	১১৩৭	৮৬৭.৮	৯২৮.৫	৯৪৬	১০১২
মোট চাহিদা	১০৫১১	১১২৪৬	১২৯৯৮	১৩৯০৮	১৩৮৬৩	১৪৮৩৩	১৪৭৩৫	১৫৭৬৬

সেচ লোড মূলতঃ জানুয়ারির মাঝামাঝি আসতে থাকে। রাজশাহী বিভাগে এ সময় থেকে সেচের পাম্প চালু হতে থাকে। ২/৩ সপ্তাহ পরে শুরু হয় ঢাকা বিভাগের সেচ পাম্প। দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চল অর্থাৎ খুলনা ও বরিশাল বিভাগে সেচ ব্যবস্থা কিছুটা বিলম্বে শুরু হয়। কৃষি জমির প্রস্তুতির সাথে বিষয়টি সম্পর্কযুক্ত। তবে এপ্রিল মাসে সেচের জন্য বিদ্যুৎ চাহিদা সর্বোচ্চ হয়।

বিদ্যুৎ বিতরণ সংস্থা সমূহ থেকে চলতি সেচ মৌসুমের সম্ভাব্য পাম্প সংখ্যা, সেচ লোড এবং চাহিদার উপাত্ত প্রদান করা হয়েছে। লোড ডেসপ্যাচের দায়িত্ব পিজিসিবি কর্তৃক গ্রীড উপকেন্দ্র ভিত্তিক এবং সামগ্রিক সিস্টেমের সম্ভাব্য চাহিদার পূর্বাভাস দেয়া হয়ে থাকে। বিগত বৎসরের চাহিদার উপর বাৎসরিক লোড প্রবৃদ্ধি ৭% ধরে চলতি বৎসরের জানুয়ারি মাসের শুরু থেকে এপ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহ পর্যন্ত সাপ্তাহিক ভিত্তিতে বিদ্যুৎ চাহিদার পূর্বাভাস তৈরি করা হয়েছে। বিউবো থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে উপরোক্ত সময়ের জন্য সম্ভাব্য উৎপাদনের পূর্বাভাস তৈরি করা হয়েছে। উল্লেখ্য, গ্রীড উপকেন্দ্র প্রান্তে প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ এস জেনারেশনের প্রায় ৯৩% অর্থাৎ এস জেনারেশন গ্রীড উপকেন্দ্র পর্যন্ত পাঠাতে প্রায় ৭% লস হচ্ছে। আবার বিদ্যুৎ সংস্থাগুলোর সম্মিলিত চাহিদা ও প্রকৃত চাহিদার মধ্যে ১৭% কো-ইন্টিডেন্টাল সাশ্রয় হয়। সুতরাং ঘাটতি নির্ণয়ের ক্ষেত্রে দুটি পদ্ধতি রয়েছেঃ

(ক) এস জেনারেশন এর সাথে সংস্থাগুলোর সম্মিলিত চাহিদাকে তুলনা করা।


(খ) নীট জেনারেশন এবং গ্রীড উপকেন্দ্রে প্রতিফলিত কো-ইন্টিডেন্টাল চাহিদা এর পার্থক্য ধরা।

দ্বিতীয় পদ্ধতিটি কারিগরী দিক থেকে যুক্তিসূক্ত। কিন্তু বর্তমান মিটারিং ব্যবস্থায় তাৎক্ষণিক নীট জেনারেশন নির্ণয় করা সম্ভব নয়। অন্যদিকে প্রতি ১(এক) ঘণ্টা পরপর এস উৎপাদন তথ্য রেকর্ড করা হয়। তাই উপাত্তের লভ্যতা বিবেচনায় (ক)-তে বর্ণিত পদ্ধতি অনুসৃত হয়ে আসছে।

আসন্ন সেচ মৌসুম শুরুর দিকে সেচ সময়কালীন (রাত ১১.০০ থেকে সকাল ৭.০০ টা) মোট বিদ্যুৎ চাহিদা ১১,২৪৬ মেগাওয়াট ধরা হয়েছে; যা ক্রমাগত বেড়ে এপ্রিল-মে/২০২২ মাসে ১৬,২৭৬ মেগাওয়াটে বৃদ্ধি পাবে। এই সময়ে বিদ্যুৎ উৎপাদন ১৭,৩০৯-১৭,৮৬৯ মেগাওয়াটে উঠানামা করবে।

এসব তথ্যের ভিত্তিতে অনুমিত হয় যে, সেচ সময়কালীন প্রয়োজনীয় গ্যাস সরবরাহ থাকলে কোন বিদ্যুৎ ঘাটতি থাকবে না। এটি সম্ভাব্য পরিস্থিতি। প্রত্যাশার বাইরেও কোন বিদ্যুৎ কেন্দ্রে উৎপাদনে বিদ্যুৎ ঘটলে ঘাটতি হতে পারে। দিবাকালীন এবং সেচকালীন পিক সময়ের জন্য সম্ভাব্য চাহিদা উৎপাদন অনুসারে অঞ্চল ভিত্তিক চার্জে বর্ণিত হয়েছে।

Projected Demand & Generation During Irrigation 2022




	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	9660	10182	10804	11426	11822	12038	12254	12470	12608	12826	13044	13262	13401	13571	13741	13911
Generation	10495	11178	11861	12543	12978	13215	13452	13689	13842	14081	14320	14560	14712	14899	15086	15272
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0



আরইবি'র উত্তরাঞ্চলীয় সেচ কার্যক্রম

Projected Demand & Generation During Irrigation 2022




	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	11247	11869	12491	13113	13908	14124	14340	14556	14833	15051	15269	15487	15766	15936	16106	16276
Generation	12347	13030	13713	14395	15268	15505	15743	15980	16284	16524	16763	17002	17309	17495	17682	17869
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0



গজোপাড়িকো এর সেচ কার্যক্রমের খন্ডচিত্র।

Projected Demand & Generation During Irrigation 2022



	Jan (1st)	Jan (2nd)	Jan (3rd)	Jan (4th)	Feb (1st)	Feb (2nd)	Feb (3rd)	Feb (4th)	Mar (1st)	Mar (2nd)	Mar (3rd)	Mar (4th)	Apr (1st)	Apr (2nd)	Apr (3rd)	Apr (4th)
Demand	11247	11869	12491	13113	13908	14124	14340	14556	14833	15051	15269	15487	15766	15936	16106	16276
Generation	12347	13030	13713	14396	15268	15505	15743	15980	16284	16524	16763	17002	17309	17495	17682	17869
Shortage	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0	0



আরইবি'র সেচ কার্যক্রমের খন্ডচিত্র।

লোড বন্টন

বিদ্যুৎ বিতরণ সংস্থা সমূহের চাহিদা অনুসারে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা প্রয়োজন। বাস্তবে বিভিন্ন প্রতিকূলতার ফলে চাহিদা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হতে পারে। তবে বর্তমানে বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা প্রশংসনীয়ভাবে বৃদ্ধি পাওয়ায় দেশে লোড শেডিং এর সম্ভাবনা নেই।

উৎপাদিত বিদ্যুৎ যখন কম থাকে, তখন চাহিদার অনুপাতে উৎপাদিত বিদ্যুৎ সঠিকভাবে বন্টন করাই হচ্ছে যৌক্তিক ব্যবস্থা। তবে, স্থাপনার গুরুত্ব অনুসারে কিছুটা তারতম্য হতে পারে।

পিজিসিবি'র প্রদত্ত তথ্যানুযায়ী বর্তমানে ১৬২ টি গ্রীড উপকেন্দ্র হতে ৯ টি অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এসব গ্রীড উপকেন্দ্র হতে ৩৩ কেভি ফিডারের মাধ্যমে বিউবো, আরইবি, ডিপিভিসি, ডেসকো, নওজোপাডিকো ও ওজোপাডিকো বিদ্যুৎ সরবরাহ পেয়ে থাকে। এসব ফিডারের আওতায় বিপুল সংখ্যক ৩৩/১১ কেভি উপকেন্দ্র বিদ্যমান।

বিভিন্ন পরিমাণ উৎপাদন পরিস্থিতিতে ৯ (নয়) টি অঞ্চলের মধ্যে উপকেন্দ্রভিত্তিক লোড বন্টনের হিসেব যথাসময়ে করা হয়ে থাকে। এক্ষেত্রে গ্রস উৎপাদন থেকে স্টেশন/ অসিলিয়ারি ব্যবহার ও সম্মালন লস (উভয় মিলে প্রায় ৭%) বাদ দিয়ে অবশিষ্ট লোড (রিজার্ভ ২৫০ মেঃওঃসঃ) চাহিদার অনুপাতে বন্টন করা হয়ে থাকে।

কোন অঞ্চলে আনুপাতিক প্রাপ্যতার বেশী লোড বন্টনের আবশ্যিকতা থাকলে কেন্দ্রীয় সেচ লোড ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ঐ পরিমাণ লোড অন্যান্য এক বা একাধিক অঞ্চলের বরাদ্দ থেকে কমাতে হবে। অন্যান্য বছরের ন্যায় এবারও সেচ সময়ে (রাত ১১:০০ টা থেকে সকাল ০৭:০০ টা পর্যন্ত) সেচ লোড চাহিদা (সম্ভাব্য) অনুসারে লোড বরাদ্দের প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করা হবে।



নেসকো এর সেচ কার্যক্রমের খন্ডচিত্র।

সেচের জন্য বিদ্যুতের মান

সেচের জন্য উন্নত ভোল্টেজ, যথাযথ পাওয়ার ফ্যাক্টর এবং সঠিক ফ্রিকোয়েন্সির বিদ্যুৎ সরবরাহ আবশ্যিক। লো-ভোল্টেজ থাকলে পাম্পের মোটর স্টার্ট হয় না। আবার চালু মোটরে লো-ভোল্টেজ বিদ্যমান থাকলে মোটর পুড়ে যায়।

